



# বাংলাদেশ এক্স-ক্যাডেটস্ এসোসিয়েশন (বেকা)

## BANGLADESH EX-CADETS' ASSOCIATION (BECA)

(UTC, UOTC এবং BNCC এর প্রাক্তন ক্যাডেট দ্বারা গঠিত একটি সেবামূলক স্বেচ্ছাসেবী ও অরাজনৈতিক সংগঠন)

সদর দপ্তর : ৪৮০, ডি আইটি রোড, (৪র্থ তলা), মালিবাগ রেলগেট, ঢাকা-১২১৭

মহাসচিবের কার্যালয় : হেনাস এপার্টমেন্ট, ফ্লাট-৪এ, ৫৫ নিউ এলিফ্যান্ট রোড, ঢাকা-১২০৫

সাংগঠনিক কার্যালয় : সিবি-২৩, পুরাতন কচুক্ষেত্র, (মুসলিম মর্দান স্কুল রোড) ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬।

ফোন : ০২-৯৫৬৯১৫০, ৯৫৬৯৯১১, ৯৫৫৪৪৩৭, ৯৫৭০৫২৬ ফেক্স : +৮৮০-২-৭১১৩২২৫, মোবাইল : ০১৭১২-৭৭৮৪৮৪

www.facebook.com/groups/excadetdin/

ইমেইল : excadetassociation@yahoo.com

সূত্র : বেকা/এনইসি/ই-প/২০২৩০৮১০/১-৯

তারিখ : ১১/০৮/২০২৩

দৃষ্টি আকর্ষণঃ দৃষ্টি আকর্ষণঃ ইউনিট পরিদর্শন সংক্রান্ত জরুরী চিঠির উত্তর প্রদান না করায় আবারো তাগিদ পত্র।  
কার্যার্থেঃ সভাপতি/সাধারণ সম্পাদক- বেকা, চট্টগ্রাম-ফেনী-ময়মনসিংহ-সিলেট-বগুড়া-লক্ষীপুর-নারায়নগঞ্জ-মুন্সীগঞ্জ-কক্সবাজার ইউনিট

বরাত

- ১। বাংলাদেশ এক্স-ক্যাডেটস্ এসোসিয়েশন (বেকা), জাতীয় নির্বাহী পরিষদের গত ১১ জুলাই/২৩-এ অনুষ্ঠিত ২৫তম নিয়মিত মাসিক সভার সিদ্ধান্ত মোতাবেক সারা বাংলাদেশের জেলা ইউনিটগুলোকে একটি নিয়মের মধ্যে আনার জন্য এবং শৃঙ্খলিত এক্স-ক্যাডেটদের গঠনমূলক কাজ বেগবান করতে প্রথম ধাপে ৯টি জেলা ইউনিট পরিদর্শনের প্রস্তাব গৃহীত হওয়ার পরে গত ২৪ জুলাই/২৩, পত্র নং বেকা/এনইসি/ই-প/২০২৩০৭২২/১-৯ পত্র প্রেরণ করা হয় আপনার ইউনিটে। এতে গত ০৫ আগস্ট/২৩ এর মধ্যে পরিদর্শন টিম কবে, কোথায়, কিভাবে জেলা ইউনিট এর সাথে মিলিত হবে তা জানাতে নির্দেশনা দেওয়া হয়।
- ২। এ ব্যাপারে বেকা, জাতীয় নির্বাহী পরিষদের সিদ্ধান্ত মোতাবেক চট্টগ্রাম, ফেনী, সিলেট, ময়মনসিংহ, বগুড়া, লক্ষীপুর, নারায়নগঞ্জ, মুন্সীগঞ্জ ও কক্সবাজার জেলা ইউনিট সমূহে পরিদর্শনের ব্যাপারে গৃহীত সিদ্ধান্ত আপনাদের অবগতির জন্য “ক” পরিপত্রে সংযুক্ত করা হয়েছিল।
- ৩। বেকা'র জেলা ইউনিটগুলো এক্স-ক্যাডেটদের প্রাণশক্তি। জেলা ইউনিট গুলোতে এক্স-ক্যাডেটরা মূল কার্যক্রম পরিচালনা করে থাকে আপনাদের গৃহীত পদক্ষেপে। সেই পদক্ষেপ পরিদর্শন টিম স্বচক্ষে উপলব্ধি করনের মাধ্যমে আপনার ইউনিটকে জাহত করতে এটি জাতীয় নির্বাহী পরিষদের একটি মহৎ উদ্দেশ্য।
- ৪। পরিদর্শন টিম কবে, কোথায়, কিভাবে জেলা ইউনিট এর সাথে মিলিত হবে তা আবারো জাতীয় নির্বাহী পরিষদকে অবগত করার জন্য আগামী ২০ আগস্ট/২৩ এর মধ্যে চিঠি/পত্র মারফতে জানানোর জন্য বিনীত অনুরোধ করা হলো।
- ৫। পরিদর্শনকালে প্রেরিত “ক” পরিপত্রের উল্লেখিত বিষয়গুলো ক্রমান্বয়ে লিখিত লিপিবদ্ধ করে ফাইল আকারে পরিদর্শন টিমের নিকট হস্তান্তর করতে হবে।
- ৬। জেলা ইউনিট এর কার্যনির্বাহী পরিষদ-ইউনিট এর সদস্য এক্স-ক্যাডেট বৃন্দ এবং ক্যাডেট-এক্স-ক্যাডেটদের সাথেও পৃথক পৃথক বৈঠক বা মত বিনিময় করার আয়োজন করার উক্ত পত্রতে নির্দেশনা দেওয়া হয়েছিল।
- ৭। উল্লেখিত জেলা ইউনিট পরিদর্শন সংক্রান্ত যে কোন বিষয় নিয়ে বেকা'র মুখপাত্র মোঃ মাহবুব আলম, মোবাইল নং- ০১৭১২-৭৭৮৪৮৪ এর সহিত যোগাযোগ করা যেতে পারে।
- ৮। বিষয়টি অতীব জরুরী, ইহা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের গৃহীত পদক্ষেপ, কার্যার্থে, বাস্তবায়নে এবং জ্ঞাতার্থে প্রেরণ করা হলো।

মাননীয় চেয়ারম্যান মহোদয়ের এর আদেশক্রমে-

(উইং কমান্ডার মোঃ জুলফিকার উদ্দিন মোল্লা অবঃ)  
ভারপ্রাপ্ত মহাসচিব

জাতীয় নির্বাহী পরিষদ, বেকা (উইং কমান্ডার মোঃ জুলফিকার উদ্দিন মোল্লা অবঃ)

যুগ্ম মহাসচিব  
জাতীয় নির্বাহী পরিষদ, বেকা

জাতীয় নির্বাহী পরিষদের প্রয়োজনে যোগাযোগ করুনঃ-

(এ কে এম আনোয়ারুল ইসলাম উত্তম)  
সচিব (সদস্য)

জাতীয় নির্বাহী পরিষদ, বেকা (এ কে এম আনোয়ারুল ইসলাম উত্তম)  
সচিব (সদস্য)  
জাতীয় নির্বাহী পরিষদ, বেকা

বাংলাদেশ এক্স-ক্যাডেটস্ এসোসিয়েশন (বেকা), সদর দপ্তর, ২২০, (৩য় তলা) বেগম রোকেয়া সরনী,

পশ্চিম কাফরুল, আগারগাঁও, তালতলা বাস স্ট্যান্ড (জনতা বাথক এর বিপরীতে), ঢাকা-১২০৭।



জাতীয় নির্বাহী পরিষদ  
সদর দপ্তর, ঢাকা।